


## কলকাতা আন্তর্জাতিক বইমেলায় এবারও নেই বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 14 January, 2026



ঢাকাঃ আগামী ২২ জানুয়ারি কলকাতা বইমেলা পা দিচ্ছে ৪৯তম বছরে। প্রতি বছর কলকাতা আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশের সরব উপস্থিতি থাকে। গত ৩০ বছরে আবারও ভারতের প্রতিবেশী দেশটি অনুপস্থিত কলকাতা বইমেলায়।

সল্টলেকে ৪৯তম এই মেলায় সারা বিশ্বের মানুষের উপস্থিতি থাকলেও নেই শুধু বাংলাদেশের প্যাভিলিয়ন। দেখা মিলছে না বাংলাদেশের প্রকাশকদেরও।

আগামী ২২ জানুয়ারি সল্টলেকে বইমেলা প্রাঞ্জনে শুরু হতে যাওয়া ৪৯তম এই আন্তর্জাতিক আসরে অংশ নিচ্ছে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, জার্মানি, ফ্রান্স, স্পেন, জাপানসহ বহু দেশ। ফোকাল থিম কান্ট্রি হিসেবে থাকছে আর্জেন্টিনা। তবে প্রতিবেশী বাংলাদেশ এ বছরও এই আন্তর্জাতিক আসরে অংশ নিতে পারেনি, যা অনেক বাঙালি পাঠকের কাছে হতাশার কারণ।

পাবলিশার্স অ্যান্ড বুকসেলার্স গিল্ডের সাধারণ সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় জানান, বর্তমান পরিস্থিতিতে ঝুঁকি নেওয়ার মতো পরিবেশ নেই এবং সরকারি পর্যায় থেকেও অংশগ্রহণের জন্য সবুজ সংকেত না মেলায় এই সিদ্ধান্ত।

উল্লেখ্য, ১৯৯৬ সাল থেকে নিয়মিতভাবে কলকাতা বইমেলায় অংশ নিয়ে আসছিল বাংলাদেশ। এমনকি ২০২৪ সালে বাংলাদেশের প্যাভিলিয়ন পেয়েছিল 'সেরা প্যাভিলিয়ন' সম্মান। সেই ধারাবাহিকতায় হঠাৎ ছেদ পড়ায় পাঠক ও প্রকাশনা সংশ্লিষ্ট মহলে হতাশা তৈরি হয়েছে।

এবারের বইমেলা উদ্বোধন করবেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। থিম কান্ট্রি হিসেবে থাকছে আর্জেন্টিনা। প্রায় এক হাজার স্টল ও ২০টি দেশের অংশগ্রহণের মধ্যেও বাংলাদেশের অনুপস্থিতি চোখে পড়ার মতো বলেই মনে করছেন বইপ্রেমীরা।

